# আমিরের উদ্যোগ

অস্ট্রেলিয়ার এক প্রযোজনা সংস্থার সঙ্গে এ বার যৌথ উদ্যোগে ছবি বানাবেন আমির খান। সে দেশের মাইন্ড ব্লোয়িং ফিল্মস প্রযোজনা সংস্থার সঙ্গে জুটি বাঁধছে আমিরের সংস্থা। বছর তিনেক আগে উত্তরাখণ্ডের সিলকিয়ারা সুড়ঙ্গে আটকে পড়েছিলেন প্রায় ৪১ জন শ্রমিক। ১৭ দিনের চেষ্টায় উদ্ধার করা সম্ভব হয়েছিল তাঁদের। উদ্ধার অভিযানে সাহায্য করেছিলেন অস্ট্রেলিয়ার অধ্যাপক আর্নল্ড ডিক্স। পর্দায় সেই ঘটনা তুলে আনবে এই ছবি। সম্প্রতি ‘সিলকিয়ারা ৪১’ ছবির ঘোষণা করেছেন তিনি ও তাঁর সহ-প্রযোজকেরা। এ ছবির পরিচালনার দায়িত্বে থাকছেন কবীর খান। চিত্রনাট্য লিখছেন অস্ট্রেলীয় চিত্রনাট্যকার অ্যান্ড্রু আনাস্তাসিওস।


টিমের সঙ্গে আমির